# ২০১৯

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

সপ্তম পত্র (BNGH-CC-T-VII)

(বাংলা প্রবন্ধের রূপভেদ, ভাবনা ও প্রবন্ধ পাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২$\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) দুটি বিখ্যাত বাংলা রম্যরচনার নাম লেখো লেখকের নাম সহ।

খ) জীবনী সাহিত্যের সংজ্ঞা দাও।

গ) বাংলা সাহিত্যের দুটি জীবনী সাহিত্য লেখকের নামসহ লেখো।

ঘ) দেশহিতৈষীদের কমলাকান্ত কীরূপে দেখেছেন?

ঙ) দেশী হাকিমদের কমলাকান্ত কী জাতীয় ফল মনে করেন? কেন?

(পরের পাতায়)

চ) প্রসন্নর চেহারার বর্ণনা দাও।

ছ) যুবতীর নয়নতারা দেখে কমলাকান্তের কী মনে হয়েছিল?

জ) কমলাকান্তকে ভ্রমর বাঙালির সঙ্গে তার মিল ও অমিল বিষয়ে কী বলেছে?

ঝ) 'সার্দ্ধ দ্বিসহস্র বৎসর পূর্বে শাক্যসিংহ এই কথা কত প্রকারে বলিয়া গিয়াছেন' — কোন কথা?

ঞ) কত সালে কত বছর বয়সে রাসসুন্দরী দেবী তাঁর গ্রন্থরচনা সমাপ্ত করেছেন?

ট) রাসসুন্দরী দেবীর বাপের বাড়ি ও শ্বশুরবাড়ির গ্রামের নাম কী লেখো।

ঠ) রাসসুন্দরীর নাকের বেশর হারানো ও প্রাপ্তি কিভাবে হয়েছে?

ড) স্বর্ণচাঁপার স্বপ্নের মধ্যে কী বোঝানো হয়েছে?

ঢ) রাসসুন্দরী দেবীর কটি পুত্রকন্যা ছিল?

ণ) রাসসুন্দরীর বিবাহের পর শ্বশুরবাড়ি যাওয়ার সময় কী হয়েছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) পত্রসাহিত্যের বিশেষত্বগুলি কী কী? একটি বিখ্যাত বাংলা পত্রসাহিত্যের আলোচনা করো।

খ) ভ্রমণসাহিত্য কাকে বলে? বিখ্যাত একটি বাংলা ভ্রমণসাহিত্যের আলোচনা করো।

গ) 'আমাদের দেশের এক্ষণকার বড়মানুষদিগের মনুষ্যজাতির মধ্যে কাঁটাল বলিয়া বোধ হয়' — কীভাবে লেখক বড়মানুষদের দোষগুণ ব্যাখ্যা করেছেন?

ঘ) 'আমার দুর্গোৎসব' প্রবন্ধে লেখক অনন্ত কালসমুদ্রে ডুবে যাওয়া প্রতিমার কাছে কী প্রতিজ্ঞা করেছেন?

ঙ) রাসসুন্দরী দেবীর ছোটবেলায় বাড়িতে যে আগুন লেগেছিল তার বর্ণনা দাও। এই ঘটনার পর তাদের কী হয়েছিল?

চ) রাসসুন্দরী দেবীর 'আমার জীবনে' — প্রতিফলিত সমাজ চিত্রের পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'নিত্য সুখের একমাত্র মূল' সম্পর্কে 'আমার মন' প্রবন্ধ অবলম্বনে বিস্তারিত আলোচনা করো।

খ) রাসসুন্দরী দেবীর আত্মজীবনীতে ঈশ্বর সম্পর্কে তাঁর যে চেতনার পরিচয় পাওয়া যায় তা বুঝিয়ে দাও।

গ) রাসসুন্দরী দেবীর 'আমার জীবনে'র দৃষ্টান্তে উনিশ শতকের স্ত্রীশিক্ষা বিষয়ে আলোকপাত কর।

ঘ) রম্য রচনার সংজ্ঞা নির্ণয় করে এর বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো।

---